“কোনো কাওম যখন কোনো মজলিস থেকে আল্লাহর যিকির করা ছাড়া ওঠে, তখন তারা যেন গাধার মর দেহের মতো হয়ে উঠল। আর এটি তাদের জন্য পরিতাপের কারণ হবে”।

আবু হুরায়রা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি
ওয়া সাল্লাম বলেছেন, “কোনো কাওম যখন কোনো মজলিস থেকে আল্লাহর যিকির করা ছাড়া
ওঠে, তখন তারা যেন গাধার মর দেহের মতো হয়ে উঠল। আর এটি তাদের জন্য পরিতাপের কারণ
হবে”।
[সহীহ] [আবু দাউদ এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিচ্ছেন যে, কোন কওম কোন সভাতে বসে তারপর যখন তা ত্যাগ করল এবং সেখানে আল্লাহর যিকির করল না, তারা অবশ্যই মৃত গাধার দেহের মত দুর্গন্ধ এবং নাপাক বস্তুর উপর জড়ো হওয়া একটি সভা থেকে উঠে দাঁড়াল; কারণ তারা আল্লাহর যিকির থেকে গাফিল ছিল। কিয়ামতের দিন এটি তাদের উপর আফসোস, ক্ষতির কারণ এবং অবশ্যই লজ্জার উপকরণ হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/3910